



# বাংলাদেশ কৃষি ব্যাংক

জেনারেল ফ্রেডিট বিভাগ, প্রধান কার্যালয়  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।  
www.krishibank.org.bd

## পরিপত্র

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২১/২০২৪

তারিখঃ ২৮.০৫.২০২৪

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক নিজস্ব তহবিল হতে চা উন্নয়ন ঋণ অর্থায়নের লক্ষ্যে চা বাগানের মূল্যমান ও চা আবাদের খরচ পুনঃনির্ধারণসহ এমসিএল (সর্বোচ্চ ঋণ সীমা) নির্ধারণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে সার্কুলার লেটার নং প্রকা/ঋণঅঃ-২/১(১৬)/১০-১১/৩২৮(৬) তারিখ ২২/০৬/২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারে বর্ণিত চা আবাদের খরচ ও চা উন্নয়ন ঋণের জামানত হিসেবে চা বাগানের এমসিএল (সর্বোচ্চ ঋণ সীমা) নির্ধারণ সংক্রান্ত হার, নিয়মাচার সংশোধন/বাতিল করতঃ নিম্নে পুনঃনির্ধারণ করা হলো। পুনঃনির্ধারিত মূল্য/নিয়মাচার অনুসরণপূর্বক চা উন্নয়ন ঋণের জামানত হিসেবে চা বাগানের মূল্যায়ন করতঃ এমসিএল (সর্বোচ্চ ঋণ সীমা) নির্ধারণ করতে হবে, যা অবিলম্বে কার্যকর হবে। বিক্রেতা পরিচালনা পর্যদের ২০-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮৫৭ তম সভায় উক্ত অনুমোদন প্রদান করা হয়েছে।

০৩। পুনঃনির্ধারিত হার/নিয়মাচার :

- (ক) চা আবাদ খরচ : ব্রক ইনফিলিং/পুনরাবাদ এর জন্য হেক্টর প্রতি অনুর্ধ্ব ৯,৯৮,০০০/- (নয় লক্ষ আটাতনকই হাজার) টাকা এবং চা এলাকা সম্প্রসারণ/নতুন আবাদের জন্য হেক্টর প্রতি অনুর্ধ্ব ৯,১৫,০০০/- (নয় লক্ষ পনের হাজার) টাকা।
- (খ) উন্নয়ন ঋণের জামানত হিসেবে চা বাগানের মূল্যায়ন/এমসিএল নির্ধারণঃ
- (১) বাগানের চা আবাদকৃত এলাকার জমি হেক্টর প্রতি ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। তবে, সে ক্ষেত্রে হেক্টর প্রতি গড় চা উৎপাদন হতে হবে ১৪৬১ (এক হাজার চারশত একষট্টি) কেজি;
- (২) হেক্টর প্রতি গড় চা উৎপাদন হতে চা উৎপাদন এর পরিমাণ ১৪৬ (এক শত ছেচল্লিশ) কেজি এর কম হলে সে ক্ষেত্রে ৮% অর্থাৎ ৮০,০০০/- (আশি হাজার) টাকা কমবে;
- (৩) হেক্টর প্রতি গড় চা উৎপাদন হতে চা উৎপাদন এর পরিমাণ ১৪৬ (এক শত ছেচল্লিশ) কেজি এর বেশী হলে সে ক্ষেত্রে ৮% অর্থাৎ ৮০,০০০/- (আশি হাজার) টাকা বৃদ্ধি পাবে। তবে, এমসিএল নির্ধারণ সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার বেশি হবে না;
- (৪) চা বাগানের অনাবাদী তথা খালি জমির মূল্যায়ন হবে হেক্টর প্রতি ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা;
- (৫) বাগানের অন্যান্য সহযোগী ফসল এলাকা তথা রাবার, কফি, বাঁশ ইত্যাদির আবাদ মূল্য ১,৫৫,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ও জমির মূল্য ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকাসহ হেক্টর প্রতি জমির মূল্য নির্ধারিত হবে। অর্থাৎ বাগানের অন্যান্য অর্থকরী ফসল এলাকার জন্য হেক্টর প্রতি জমির মূল্য হবে ২,৭৫,০০০/- (দুই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা;
- (৬) যন্ত্রপাতি, দালান কোঠা এবং অন্যান্য পরিসম্পদের অবচয় বাদ দিয়ে বর্তমান মূল্য ধরতে হবে;
- (৭) প্রতিটি চা চারা ইনফিলিং এর জন্য পূর্বের ১০.০০ (দশ) টাকার পরিবর্তে ১৮.০০ (আঠারো) টাকা নির্ধারিত হবে;

চলমান পাতা-০২

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক নিজস্ব তহবিল হতে চা উন্নয়ন ঋণ অর্থায়নের লক্ষ্যে চা বাগানের মূল্যমান ও চা আবাদের খরচ পুনঃনির্ধারণসহ এমসিএল (সর্বোচ্চ ঋণ সীমা) নির্ধারণ প্রসঙ্গে।

- (৮) (খ) অনুচ্ছেদ এর ১ হতে ৭ নং ক্রমিকে বর্ণিত আইটেমসমূহের এমসিএল (সর্বোচ্চ ঋণসীমা) নির্ধারিত হবে মোট মূল্যের ৭৫%(শতকরা পঁচাত্তর) ; এবং
- (৯) আর্থিক হিসাবায়নের ক্ষেত্রে কোন ভগ্নাংশ বিবেচনায় আনা যাবে না।

আপনার বিশ্বস্ত  
  
 ১৫.০৩.১০১৪  
 (আবু সাঈদ মোঃ রওশানুল হক)  
 মহাব্যবস্থাপক  
 পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ  
 ফোনঃ ০২-৪৭১১৫৩৪৪  
 gm.op@krishibank.org.bd

বিতরণঃ


- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ সিলেট।
- ০২। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার/ হবিগঞ্জ/ চট্টগ্রাম পশ্চিম।
- ০৩। উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, কারওয়ান বাজার কর্পোরেট শাখা, বনানী কর্পোরেট শাখা, ঢাকা/ সিলেট কর্পোরেট শাখা, সিলেট/ চট্টগ্রাম কর্পোরেট/আজ্বাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
- ০৪। ব্যবস্থাপক, শ্রীমঙ্গল শাখা/ জুড়ী শাখা, মৌলভীবাজার/ বাহুবল শাখা, মাধবপুর শাখা, হবিগঞ্জ/ টি বোর্ড শাখা, চট্টগ্রাম পশ্চিম।
- ০৫। নথি।

প্রকা/জেক্রেঃবিঃ/শাখা-২/অংশ-চা/০১(১৬)/২০২৩-২০২৪/১৭৩৭(১২৫০)

তারিখঃ ২৮.০৫.২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
- ০৬। পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৭। চেয়ারম্যান, বাংলাদেশীয় চা সংসদ, মহাখালী, ঢাকা।
- ০৮। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১১। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১২। নথি/মহানথি।

  
 (মোহাম্মদ মঈনুল ইসলাম)  
 উপমহাব্যবস্থাপক